

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৪৩

পর্ব-১১: হজ (১৯৯০ । ১৯৯০ )

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

بَابُ الْإِحْرَامِ وَالتَّلْبِيَةِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَصْرُخُ بِالْحَجِّ صراخا. رَوَاهُ مُسلم

বাংলা

২৫৪৩-[8] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে (হজের উদ্দেশে) বের হলাম এবং উচ্চস্বরে তালবিয়াহ্ বলতে থাকলাম। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১২৪৭, আহমাদ ১১০১৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৯৯৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَصْرُخُ بِالْحَجِّ صُرَاخًا) আমরা হজের জন্য উচ্চঃশব্দে তালবিয়াহ্ পাঠ করতাম। ইমাম নাবাবী বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, উচ্চঃশব্দে তালবিয়াহ পাঠ করা মুস্তাহাব।

তবে আওয়াজ মধ্যম ধরনের হতে হবে। আর মহিলাগণ শুধু নিজে শুনতে পায় এমনভাবে তালবিয়াহ্ পাঠ করবে তারা আওয়াজ উঁচু করবে না। কেননা উঁচু আওয়াজ তাদের জন্য ফিতনার কারণ হতে পারে।

সকল 'উলামাগণের মতে পুরুষদের উঁচু আওয়াজে তালবিয়াহ্ পাঠ করা মুস্তাহাব। আহলুয্ যাহিরদের মতে তা ওয়াজিব। এ হাদীস এও প্রমাণ করে যে, ইহরামের শুরুতে তালবিয়াহ্ পাঠ বা ইহরামের নিয়াতের প্রাক্কালে স্বশব্দে হজ্জ/হজ বা 'উমরা-এর নিয়াত করা মুস্তাহাব।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন